Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারি প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ২৯শে মাঘ বুধবার ১৩৭০ ইংরাজী 12th Feb 1964 | ৩৮শ সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seav.

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সরল ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO.

**খাস জনতা**
কেরোসিন কুকার

বিপুলতা আনবে।

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয় নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেণ্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা।
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া।
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা।
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে মাঘ বুধবার সন ১৩৭০ সাল।

## জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর সভ্য নির্ব্বাচন বা ভোট-বল-ম্যাচ

—•—

এ পক্ষের এগার জন ও পক্ষের এগার জন একটা বলের উপর লাথি মেরে নিজের নিজের কিস্মত দেখিয়ে অপর পক্ষের দিকের গোল-পোষ্টের মধ্যে দিয়ে বল চালিয়ে দিবে এই লাথালাথি দেখবার জন্য কি ভিড়! দর্শকদের মধ্যে কেউ কেউ এ পক্ষে, কেউ কেউ ও পক্ষে হয়ে পরস্পর বাক বিতণ্ডা ক'রে গোলমালের সৃষ্টি করে। এই খেলাকে বলে ফুটবল ম্যাচ।

মিউনিসিপ্যালিটী, ডিষ্ট্রীক্ট বোর্ড, কাউন্সিল, প্রভৃতি প্রতিষ্ঠানের নির্ব্বাচনের পাল্লাকে ভোট-বল ম্যাচ বললে অত্যুক্তি হয় না।

মিউনিসিপ্যালিটীর এক একটা মহল্লাকে ইংরাজীতে বলে "ওয়াড"। নাবালককেও ইংরাজীতে "ওয়ার্ড" বলে। এতে দুই মানেই প্রয়োগ করা যায়। অধিকাংশ করদাতাই যেন নাবালক, তাদের নাগরিক জীবন ধারণের মুরুব্বি বা গার্জেন এই নির্ব্বাচিত অর্থাৎ জয়ী ভোট-বল-খেলোয়াড়রা।

আমরা একবার রামায়ণের গান শুনতে গিয়েছিলাম। রামচন্দ্র, বনবাসের পর, যখন অযোধ্যাভিমুখে ফিরে আসছেন, তখন তাঁর চণ্ডাল মিতা গুহক নিজ গৃহে তাঁহার অভ্যর্থনার আয়োজন করলেন। গুহক পত্নী, তার ভ্রাতৃপত্নী, মাতা প্রভৃতি নারীগণ রামগুণানুকীর্ত্তন করিয়া নৃত্য আরম্ভ করলেন। তাঁদের রন্ধনশালায় রন্ধনরতা পাচিকাও নাচিতে আরম্ভ করিলেন। রামায়ণের গায়ক মহাশয় এই অংশ বর্ণনা করিবার সময় গাইলেন—

বড়কী নাচে ছোটকী নাচে,
নাচে গুহকের মা।
হেঁসেলে রাঁধুনী বলে—
হামভি নাচেঙ্গা।

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ১৫টী ওয়ার্ডে ১৫ জন কমিশনর নির্ব্বাচিত হইলেন। ইঁহারাই আবার নির্ব্বাচন করিবেন চেয়ারম্যান আর ভাইস্ চেয়ারম্যান। এখন হইতেই কে চেয়ারম্যান হইবেন, কে ভাইস্ চেয়ারম্যান হইবেন সে কথা লইয়া জল্পনা কল্পনা চলিতেছে।

আমরা বহুদিন হইতে দেখিয়া আসিতেছি, এই জাতীয় দেশ সেবকগণ—

ভোট ভিক্ষা করে সব বাড়ী বাড়ী ফিরি,
তক্তে বসে করে শেষে দন্ত কিড়িমিড়ি।

---

## জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কমিসনর নির্ব্বাচন

১২ই ফেব্রুয়ারী বুধবার জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ১৪টী ওয়ার্ডে কমিশনর নির্ব্বাচন হইয়াছে। ৮নং ওয়ার্ডে বিনা প্রতিদ্বন্দ্বিতায় কমিশনর পদে অধিষ্ঠিত হইয়াছেন।

কমিশনরগণের নাম :—

| | | |
|---|---|---|
| ১নং | ওয়ার্ডে | মহঃ সামমহম্মদ বিশ্বাস |
| ২নং | ,, | মহঃ ইসা মহম্মদ খাঁ |
| ৩নং | ,, | শ্রীনবকুমার সাহা |
| ৪নং | ,, | মহঃ আবদুল লতিব |
| ৫নং | ,, | শ্রীবরুণ রায় |
| ৬নং | ,, | শ্রীমুক্তিপদ চ্যাটার্জী |
| ৭নং | ,, | শ্রীঅমরেন্দ্রনাথ চ্যাটার্জী |
| ৮নং | ,, | শ্রীকানাইলাল সিংহ |
| ৯নং | ,, | শ্রীরাজারাম মুন্দ্রা |
| ১০নং | ,, | মহঃ হাসিমুদ্দিন বিশ্বাস |
| ১১নং | ,, | শ্রীপ্রাণগোপাল চ্যাটার্জী |
| ১২নং | ,, | শ্রীপরমেশ পাণ্ডে |
| ১৩নং | ,, | শ্রীছকড়িলাল সাহা |
| ১৪নং | ,, | শ্রীদেবব্রত সাধু |
| ১৫নং | ,, | শ্রীসূর্য্যনারায়ণ ঘোষাল |

---

## ধুলিয়ান পৌরসভার নির্ব্বাচনের ফলাফল

ধুলিয়ান পৌরসভায় ১২টি ওয়ার্ডে নিম্নের ভদ্র-মহোদয়গণ নির্ব্বাচিত হইয়াছেন।

| | | |
|---|---|---|
| ১নং | ওয়ার্ডে | শ্রীগৌরগোপাল শুকুল |
| ২নং | ,, | শ্রীমন্মথনাথ সরকার |
| ৩নং | ,, | শ্রীওয়াজেদ মহলদার |
| ৪নং | ,, | শ্রীনবাবুদ্দীন সেখ |
| ৫নং | ,, | শ্রীসুধীরকুমার সাহা |
| ৬নং | ,, | শ্রীশ্রীপতিভূষণ দাস (বিনা প্রতিদ্বন্দ্বিতায়) |
| ৭নং | ,, | শ্রীমদনগোপাল মেমানী |
| ৮নং | ,, | ডাঃ আবদুল রৌফ |
| ৯নং | ,, | শ্রীমুরলীধর গুপ্ত |
| ১০নং | ,, | শ্রীঅময়কুমার রায় |
| ১১নং | ,, | শ্রীহরমুজ আলি |
| ১২নং | ,, | শ্রীবিজয়কুমার সিংহ |

---

## অদ্ভুত দর্শন শিশু প্রসব

কাটোয়া হাসপাতালে এক প্রসূতি অদ্ভুত দর্শন মৃত শিশু প্রসব করিয়াছেন। শিশুটির দুইটি মাথা তিনটি পা ও একটি হাত। ঐ হাতের দুইটি তালুতে ১০টি অঙ্গুলি আছে।

---

## দৃষ্টিহীনকে দৃষ্টিদান

আইওয়া বিশ্ববিদ্যালয়ের হাসপাতালে কর্ণিয়া বা অক্ষিগোলকের স্বচ্ছ আবরণ সংরক্ষণের একটি নূতন পদ্ধতি সম্প্রতি উদ্‌ভাবিত হয়েছে। কোন দুর্ঘটনার ফলে অথবা চোখের রোগের দরুণ যাঁদের ঐ স্বচ্ছ আবরণ নষ্ট হয়ে গিয়েছে, যাঁরা দৃষ্টিহীন হয়েছেন—কোন মৃত ব্যক্তির চোখের ঐ জিনিষটি সরিয়ে এনে ঐ সকল রোগীর চোখে ঐটি জুড়ে দিলেই তাঁরা আবার দৃষ্টি ফিরে পেয়ে থাকেন। যে সকল হাসপাতাল এটি সংগ্রহ করে থাকে, বহু ব্যক্তি তাঁদের চোখের ঐ জিনিষটি মৃত্যুর পূর্ব্বেই সেখানে দান করে যান।

# সরকারী বিজ্ঞপ্তি

১৯৪০ সালের বংগীয় মোটর যান আইনের ৫৭নং নিয়মের উপনিয়ম (খ) এর সহিত পঠিত ১৯৩৯ সালের ভারতীয় মোটর যান আইন ( ১৯৩৯ সালের চতুর্থ আইন )-এর ৫৭নং ধারা অনুসারে জানান হইতেছে যে (১) লালবাগ—জিয়াগঞ্জ ও হরিরামপুর ঘাট হইয়া বহরমপুর—দেবাইপুর রুটে একখানা বাস চালাইবার একটি স্থায়ী রুট পারমিটের জন্য দুইটি দরখাস্ত এবং (২) লালবাগ হইয়া বহরমপুর—জিয়াগঞ্জ রুটে একটি বাস চালাইবার পারমিটের জন্য তিনটি দরখাস্ত নিম্ন-স্বাক্ষরকারীর অফিসে গৃহীত হইয়াছে; দরখাস্ত-কারীদের নাম ও ঠিকানাসহ দরখাস্তগুলির তালিকা ২৫শে জানুয়ারী (১৯৬৪) হইতে আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের অফিসে নোটিশ বোর্ডে টাংগাইয়া রাখা হইয়াছে। উপরোক্ত পারমিট দুইটি প্রদানের ব্যাপারে কাহারও কোনও আর্জি থাকিলে তাহা ২৭শে ফেব্রুয়ারী (১৯৬৪) পর্যন্ত নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বিবেচনার্থ গৃহীত হইবে। উপরোক্ত দরখাস্তসমূহ ও কোনও আর্জি থাকিলে তাহা ২৮শে ফেব্রুয়ারী (১৯৬৪) বেলা ২টা ৩০ মিঃ-এর সময় বহরমপুরের কালেক্টরেট ভবনে জেলা শাসকের কক্ষে মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের সভায় বিবেচিত হইবে। স্বাঃ এম, সি, দত্ত, সেক্রেটারী, মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকার।

---

## *গাঁজা ফার্মের গয়া প্রাপ্তি*

বিধান সভার কমিউনিষ্ট সদস্য শ্রীসনৎকুমার রাহার এক প্রশ্নের উত্তরে সমবায় মন্ত্রী জানান যে বহরমপুর সমবায় গাঁজা ফার্ম লিকুইডেশনে গিয়াছে। অডিটার শ্রীএস, দত্ত গত ১৫-৭-৬৩ তারিখে ঐ ফার্মের ৬০-৬১ সালের হিসাব অডিট করেন। ফার্মটি লিকুইডেশনে যাওয়ার কারণ হিসাবে বলা হইয়াছে যে কর্তৃপক্ষ (১) ফার্মের কর্ম্মচারীদের বেতন দেন নাই, (২) ফার্মে মোট টাকা ৪,৪৩,১১৩ লোকসান হইয়াছে ও (৩) পঃ বঙ্গ প্রাদেশিক কো-অপারেটিভ ব্যাঙ্কের দেয় পরিশোধ করা হয় নাই। ঐ ফার্মের কাছে এক্সাইজ বিভাগের মোট টাকা ২,১৭,১১২-১৮ নঃ পঃ খাজনা ও সেস বাবদ টাকা ৫৪,৮৩৪-৬৬ নঃ পঃ এবং কৃষি আয়কর বাবদ টাঃ ৬১,৩৯২-৬৮ নঃ পঃ পাওনা আছে। এখানে প্রকাশ থাকে যে ঐ ফার্মটি বহরমপুর হইতে ৩ মাইল দূরে বলরামপুরে অবস্থিত। গোরাবাজারের কংগ্রেস নেতা শ্রীমণীন্দ্র-চন্দ্র দুবে ঐ ফার্মের সম্পাদক ছিলেন। প্রাক্তন কংগ্রেসী এম-এল-এ শ্রীবিজয়কুমার ঘোষ প্রমুখ মনিষীগণ ঐ ফার্মের সদস্যপদ অলংকৃত করিতেন। আরও প্রকাশ থাকে যে এই কৃতী ব্যক্তিটিই গোরাবাজার উচ্চতর বিদ্যালয়ের সম্পাদক সেখানে যাবতীয় গোলমালের উদ্ভব ইঁহার কার্যকলাপকে কেন্দ্র করিয়াই। প্রসঙ্গতঃ অনুল্লেখযোগ্য নহে যে ওয়াকিবহাল মহলের ধারণা, বলরামপুরের গাঁজা ফার্মে গাঁজা চাষ করিয়া সত্যসত্যই লোকসান হওয়ার কথা গাঁজাখোরেরাও বিশ্বাস করিতে রাজী নয়।

—'মুর্শিদাবাদ বার্তা'

---

# নোটিশ

নিম্নলিখিত রুটগুলির প্রত্যেকটিতে একটি বাস চালাইবার ( একবার যাওয়া ও আসা ) স্থায়ী রুট পারমিট প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হইতেছে। নির্ধারিত ফরম মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের অফিস হইতে পাওয়া যাইবে :—

(১) লালগোলা হইয়া বহরমপুর—জঙ্গিপুর,
(২) কুলি হইয়া কান্দি—সাঁকোঘাট,
(৩) কুলি হইয়া কান্দি—জয়পুর,
(৪) কান্দি ও কুলি হইয়া রাধারঘাট—বেলগ্রাম,
(৫) নিমাডাক বাংলো হইয়া কান্দি—পাঁচুটি।

দরখাস্তের ফি বাবদ পাঁচ টাকার ট্রেজারি চালানের একটি কপি প্রত্যেক দরখাস্তের সহিত যুক্ত করিতে হইবে, নচেৎ কোনও দরখাস্ত বিবেচিত হইবে না। ১৯৬৪ সালের ২৮শে ফেব্রুয়ারী বিকাল ৫টা পর্যন্ত মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকার কর্তৃক দরখাস্ত গৃহীত হইবে।

---

মুর্শিদাবাদ জেলার

## জনসাধারণের প্রতি আবেদন

বিগত ১০-১২-৬৩ তারিখে ৮৮০৩ ( ৪০০ ) ই, এ, নম্বর পত্রে ইউনিয়ন বোর্ড প্রেসিডেন্ট/অঞ্চল প্রধান মহাশয়গণের মাধ্যমে খাজনা পরিশোধ করিবার জন্য আপনাদিগকে অনুরোধ করা হইয়াছিল। কিন্তু পরিতাপের বিষয় এই যে এ পর্য্যন্ত আপনাদের নিকট হইতে আশানুরূপ সাড়া পাওয়া যায় নাই। পক্ষান্তরে সংবাদ পাওয়া যাইতেছে যে কতিপয় স্বার্থান্বেষী লোক কোন কোন অঞ্চলে নানাপ্রকার প্ররোচনা ও অপ-প্রচারের দ্বারা লোককে বিভ্রান্ত করিবার চেষ্টা করিতেছে। উপযুক্ত প্রমাণ পাওয়া গেলে ঐ সমস্ত সমাজ বিরোধীদের বিরুদ্ধে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা হইবে। আপনাদিগকে বিশেষ অনুরোধ করা যাইতেছে যে আপনারা ঐরূপ অপ-প্রচারে কর্ণপাত করিবেন না এবং আপনারা অনতিবিলম্বে খাজনাদি পরিশোধ করিয়া রাষ্ট্রের প্রতি নাগরিক কর্ত্তব্য পালন করিবেন।

স্বাঃ- সুশীলচন্দ্র চক্রবর্ত্তী,
কালেক্টর ও জেলা শাসক মুর্শিদাবাদ।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই মার্চ্চ, ১৯৬৪

১৯৬২ সালের ডিক্রীজারী

৫৬ মনি ডিঃ তারাপদ রায় দেং অরবিন্দনাথ রায় দিং দাবি ৮৯ টাকা ২৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘারি ৮২ শতকের কাত ২৷৷০ আঃ .৫০৲ খং ৬৭৯ রায়ত স্থিতিবান স্বত্ব

---

জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই,সি,আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর্স**
খাগড়া মুর্শিদাবাদ



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।